



গণ-অভ্যুত্থানের পর ক্ষমতায় আসা শ্রীলঙ্কার সাবেক প্রেসিডেন্ট রনিল গ্রেগোর



সংগৃহীত ছবি

রাষ্ট্রীয় তহবিল অপব্যবহারের অভিযোগে শ্রীলঙ্কার সাবেক প্রেসিডেন্ট রনিল বিক্রমাসিংহেকে গ্রেগোর করেছে দেশটির অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। শুক্রবার (২২ আগস্ট) ব্রিটিশ গণমাধ্যম বিবিসির প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।

বিবিসি জানায়, বিক্রমাসিংহে একই দিনে সিআইডিকে জবানবন্দী দেন এবং পরে কলম্বোর ম্যাজিস্ট্রেট আদালতে হাজির হওয়ার কথা রয়েছে।

২০২২ সালে গণ-অভ্যুত্থানের মুখে গোতাবায়া রাজাপক্ষে দেশ ছাড়ার পর বিক্রমাসিংহে প্রেসিডেন্টের দায়িত্ব নেন এবং ২০২৪ সাল পর্যন্ত এ পদে ছিলেন। এর আগে তিনি ১৯৯০-এর দশক থেকে ছয়বার শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেছেন। অর্থনীতি পুনরুদ্ধারে ভূমিকার জন্য প্রশংসিত হলেও তার প্রেসিডেন্ট মেয়াদে বিদেশ সফর নিয়ে বিতর্ক তৈরি হয়।

বিবিসি সিনহালার তথ্যমতে, প্রেসিডেন্ট হিসেবে দায়িত্বকালে তিনি ২৩টি বিদেশ সফরে গিয়েছিলেন, যার ব্যয় ছিল প্রায় ৬০ কোটি শ্রীলঙ্কান রুপি (প্রায় ২ মিলিয়ন মার্কিন ডলার)। তার বিরুদ্ধে অভিযোগ—২০২৩ সালে যুক্তরাজ্যে এক যাত্রাবিরতিতে তিনি রাষ্ট্রীয় অর্থ ব্যবহার করে ইউনিভার্সিটি অব ওলভারহাম্পটনের একটি অনুষ্ঠানে যোগ দেন, যা ব্যক্তিগত সফরের অংশ ছিল। তবে রনিল বিক্রমাসিংহে এসব অভিযোগ অস্বীকার করেছেন।